গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
হজ-১ শাখা
www.hajj.gov.bd

বিষয়: পবিত্র হজ ১৪৪৩ হিঃ/২০২২ খ্রি.সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালনার লক্ষ্যে পূর্ব প্রস্তুতি গ্রহণের নিমিত্ত হজ কার্যক্রমে সম্পৃক্ত সংশ্লিষ্ট অংশীজনদের সমন্বয়ে অনুষ্ঠিত আন্তঃমন্ত্রণালয় সভার কার্যবিবরণী :

| | | |
|---|---|---|
| প্রধান অতিথি | : | জনাব মো: ফরিদুল হক খান এমপি<br>মাননীয় প্রতিমন্ত্রী<br>ধর্ম বিষয়ক মন্ত্রণালয় |
| সভাপতি | : | জনাব কাজী এনামুল হাসান এনডিসি,<br>সচিব<br>ধর্ম বিষয়ক মন্ত্রণালয় |
| সভার তারিখ ও সময় | : | ২১.১১.২০২১ খ্রি. রবিবার বেলা-১১.০০ টা |
| স্থান | : | মন্ত্রণালয়ের সভাকক্ষ (কক্ষ নং-১৫১৫, ভবন নং-০৬, বাংলাদেশ সচিবালয়, ঢাকা) |
| সভার উপস্থিতি | : | তালিকা সংযুক্ত (পরিশিষ্ট-"ক")। |

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানান এবং সভার কার্যক্রম শুরু করার জন্য অতিরিক্ত সচিব (হজ)-কে আহ্বান জানান। এরপর পবিত্র কোরআন তেলাওয়াতের মাধ্যমে সভার কাজ শুরু করা হয়। কোরআন তেলাওয়াতের পর বিভিন্ন মন্ত্রণালয়, সংস্থা ও সংগঠন থেকে আগত কর্মকর্তা-প্রতিনিধিগণ প্রধান অতিথি ও সভাপতির সঙ্গে পরিচিত হন।

২। সভপতির স্বাগত বক্তব্য: সভাপতি ও ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের সচিব কাজী এনামুল হাসান এনডিসি বিভিন্ন মন্ত্রণালয়, সংস্থা-সংগঠনের উপস্থিত কর্মকর্তা-প্রতিনিধিদের সভায় উপস্থিত হওয়ার জন্য ধন্যবাদ জানান। তিনি বলেন, পবিত্র হজ আয়োজন আমাদের জন্য আল্লাহর পক্ষ হতে অর্পিত পবিত্র দায়িত্ব। তিনি এ কাজে প্রত্যেককে সর্বোচ্চ আন্তরিকতা নিয়ে দায়িত্ব পালন করার অনুরোধ জানান। তিনি বলেন, আগামী ২০২২ সনের হজ অনুষ্ঠানের বিষয়ে আমরা আশাবাদী। সে লক্ষ্যেই আজকের প্রস্তুতিমূলক সভার আয়োজন করা হয়েছে যাতে সংশ্লিষ্ট সকলে নিজ নিজ কার্যক্রম এখনই শুরু করতে পারেন।

৩। সভায় প্রধান অতিথি ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জনাব মো: ফরিদুল হক খান এমপি তাঁর উদ্বোধনী বক্তব্যে বলেন যে, কোভিড-১৯ এর কারণে বিগত ২ বছর পবিত্র হজ অনুষ্ঠানে বিশ্বের অন্যান্য দেশের ন্যায় বাংলাদেশের কোন হজযাত্রীও হজে গমনের সুযোগ পায়নি। বিগত সময়ের চেয়ে আগামীতে অনুষ্ঠিতব্য পবিত্র হজের ব্যবস্থাপনা কিভাবে আরো উন্নততর করা যায় সে বিষয়ে তিঁনি অদ্যকার সভায় উপস্থিত সকলের সহায়তা কামনা করেন। তিঁনি হজ কার্যক্রমের অংশীজন হিসেবে সকলেই যেন নিজ নিজ অবস্থান থেকে দায়িত্ব পালনে সর্বোচ্চ চেষ্টা করেন এবং আল্লাহ তায়ালা যেন সকলকে এ তৌফিক দান করেন সে কামনা করেন। সভার সভাপতি ও নবযোগদানকৃত সচিব মহোদয়কে প্রধান অতিথি অভিনন্দন জ্ঞাপন করেন। হজের মত পবিত্র কাজের আয়োজনের দায়িত্ব দেয়ার জন্য তিঁনি মাননীয় প্রধানমন্ত্রীকে ধন্যবাদ জানান এবং মহান আল্লাহর কাছে মাননীয় প্রধানমন্ত্রীর সুস্বাস্থ্য ও দীর্ঘায়ু কামনা করেন।

৪। সভাপতির অনুমতিক্রমে জনাব মো: মতিউল ইসলাম, অতিরিক্ত সচিব (হজ) মাননীয় প্রধান অতিথির উদ্বোধনী বক্তব্যের পর সভার আলোচ্যসূচি অনুযায়ী কার্যপত্র উপস্থাপনার জন্য জনাব আবুল কাশেম মুহাম্মদ শাহীন, উপসচিব (হজ-১) কে অনুরোধ করেন। তৎপ্রেক্ষিতে তিনি বিষয়ভিত্তিক আলোচ্যসূচি সভায় উপস্থাপন করেন।

৫। কার্যপত্র উপস্থাপনার মাধ্যমে উপস্থিত সকলকে অবহিত করা হয় যে, ১৪৪৩ হিজরি সনের ৯ জিলহজ তারিখে (চাঁদ দেখা সাপেক্ষে ২০২২ খ্রিস্টাব্দের ০৮ জুলাই) সৌদি আরবে পবিত্র হজ অনুষ্ঠিত হবে। সরকারি ব্যবস্থাপনার পাশাপাশি ধর্ম বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত হজ এজেন্সির মাধ্যমে বেসরকারি ব্যবস্থাপনায়ও হজে গমন করা যাবে। বাংলাদেশ হতে কতজন হজযাত্রী হজে যেতে পারবেন, তা গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ও রাজকীয় সৌদি সরকারের মধ্যে দ্বি-পাক্ষিক হজ চুক্তির মাধ্যমে নির্ধারিত হবে। বিগত ২০২০ সনের (১৪৪১ হিজরি) জন্য

০৪.১২.২০১৯ তারিখে দ্বি-পাক্ষিক হজচুক্তি সম্পাদিত হয়। ২০২০ সালের জন্য বাংলাদেশ হতে সরকারি ব্যবস্থাপনায় ১৭ হাজার ১ শত ৯৮ জন ও বেসরকারি ব্যবস্থাপনায় ১ লক্ষ ২০ হাজার জনসহ সর্বমোট ১ লক্ষ ৩৭ হাজার ১ শত ৯৮ জন পবিত্র হজ পালনের নিমিত্ত বাংলাদেশের কোটা নির্ধারিত ছিল। ২০২২ খ্রি./১৪৪৩ হিজরি মৌসুমের হজ কার্যক্রমের প্রস্তুতি হিসেবে সভায় নিম্নবর্ণিত বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

| নং | শিরোনাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ১। | প্রাক-নিবন্ধনের সর্বশেষ অবস্থা | সরকারি ব্যবস্থাপনায় ৬,৩৭২ জন ও বেসরকারি ব্যবস্থাপনায় ১,৮১,৩৮৫ জন হজযাত্রী প্রাক-নিবন্ধিত রয়েছেন। প্রাক-নিবন্ধিত হজযাত্রীর সংখ্যা বর্তমানে বৃদ্ধি পাচ্ছে এবং হজচুক্তি সম্পাদনের পর এ সংখ্যা দ্রুত বৃদ্ধি পাওয়ার সম্ভাবনা রয়েছে। | চলমান কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | (১) ধর্ম বিষয়ক মন্ত্রণালয়,<br>(২) হজ এজেন্সীজ এসোসিয়েশন অব বাংলাদেশ (হাব),<br>(৩) সংশ্লিষ্ট সকল হজ এজেন্সি। |
| ২। | নিবন্ধিত হজযাত্রীদের সর্বশেষ অবস্থা | বর্তমানে সরকারি ব্যবস্থাপনায় ২,৬৩১ জন ও বেসরকারি ব্যবস্থাপনায় ৫২,২৩২ জন নিবন্ধিত হজযাত্রী রয়েছেন। কোন কোন নিবন্ধিত হজযাত্রী স্বেচ্ছায় তাদের নিবন্ধন বাতিল করছেন বিধায় এ সংখ্যা কিছুটা হ্রাস পাচ্ছে। তবে হজচুক্তি সম্পাদনের পর প্রাপ্য কোটা অনুযায়ী এ সংখ্যা পূরণ করা সম্ভব হবে। | এ বিষয়ে যথাসময়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | (১) ধর্ম বিষয়ক মন্ত্রণালয়,<br>(২) ইসলামিক ফাউন্ডেশন,<br>(৩) হজ অফিস, ঢাকা,<br>(৪) হাব,<br>(৫) সংশ্লিষ্ট সকল হজ এজেন্সি,<br>(৬) সংশ্লিষ্ট সকল ব্যাংকসমূহ। |
| ৩। | হজ প্যাকেজ সংক্রান্ত | জনাব মো: জহিরুল ইসলাম, কাউন্সেলর (হজ), বাংলাদেশ হজ অফিস, জেদ্দা, সৌদি আরব বলেন, ২০২০ সালের হজের জন্য প্রথমবারের মত ২টির পরিবর্তে ০৩ টি প্যাকেজ নির্ধারণ করা হয়েছিল। শুধুমাত্র মক্কায় বাড়ি ভাড়া ও ট্রেনভাড়ার কারণে প্যাকেজের তারতম্য হয়ে থাকে। বিশ্বব্যাপী কোভিড-১৯ অতিমারী বিদ্যমান পরিস্থিতিতে সকল হজযাত্রীর জন্য আগামী হজে ১টি প্যাকেজ নির্ধারণ করা শ্রেয় হবে। তিনি আরো উল্লেখ করেন যে, বিগত সময়ের চেয়ে আগামী হজে ব্যয় কিছু কিছু ক্ষেত্রে বৃদ্ধি পাওয়ার সম্ভাবনা রয়েছে। | দ্বি-পাক্ষিক হজচুক্তি সম্পাদনের পর সৌদি অংশের সম্ভাব্য ব্যয় সংক্রান্ত তথ্যাদি প্রাপ্তি সাপেক্ষে এবং বিমান ভাড়া নির্ধারণ করে হজ প্যাকেজ মূল্য চূড়ান্তকরণের প্রয়োনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | (১) ধর্ম বিষয়ক মন্ত্রণালয়,<br>(২) বেসরামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়,<br>(৩) কাউন্সেলর (হজ), বাংলাদেশ হজ অফিস, জেদ্দা, সৌদি আরব। |
| ৪। | ঔষধ ও চিকিৎসা সামগ্রী ক্রয় সংক্রান্ত | ঔষধ ও চিকিৎসা সামগ্রী ক্রয় সংক্রান্ত বিষয়ে আলোচনায় অংশগ্রহণ করে কাউন্সেলর (হজ), বাংলাদেশ হজ অফিস, জেদ্দা, সৌদি আরব বলেন, (১)বিগত হজ মৌসুমে প্রথম হজ ফ্লাইট সৌদি আরব যাবার ন্যূনতম ১৫ দিন পূর্বে সৌদি আরবে ঔষধ পৌঁছানো হতো। ২০২২ সালের হজে হজ ফ্লাইট শুরুর ১৫ দিন পূর্বে ঔষধ ও চিকিৎসা সামগ্রী সৌদি আরবে পৌঁছানো নিশ্চিত করা প্রয়োজন।<br>(২) ২০১৯ সালের জন্য প্রেরিত প্রায় সকল ঔষধের মেয়াদ আগামী মার্চ, ২০২২ সময়ের মধ্যে শেষ হয়ে যাবে। স্টোরে কোন ঔষধ মওজুদ অবশিষ্ট থাকবে না। সে প্রেক্ষিতে নতুনভাবে চাহিদা নির্ধারণপূর্বক ঔষধ ও চিকিৎসা সামগ্রী যথাসময়ে সৌদি আরবে প্রেরণের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা আবশ্যক।<br>(গ) জনাব এম. শাহাদাৎ হোসাইন তসলিম, সভাপতি, হাব বলেন যে, পূর্বের ন্যায় সাধারন ঔষধ ও চিকিৎসা সামগ্রীর সাথে বৈশ্বিক মহামারীর কারণে কোভিড সংশ্লিষ্ট ঔষধ ক্রয়ের তালিকায় অন্তর্ভুক্তির প্রস্তাব করেন। | ঔষধ ও চিকিৎসা সামগ্রী ক্রয় ও সংগ্রহের লক্ষ্যে প্রয়োজনীয় কমিটিসমূহ গঠন করতে হবে। | ধর্ম বিষয়ক মন্ত্রণালয় |

| নং | শিরোনাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| | | (ঘ) অতিরিক্ত সচিব (হজ) বলেন যে, ঔষধ ও চিকিৎসা সামগ্রী ক্রয় সংক্রান্ত বিভিন্ন কমিটিসমূহ গঠনপূর্বক কার্যক্রম এগিয়ে রাখা প্রয়োজন। | | |
| ৫। | পাসপোর্ট সংক্রান্ত | (ক) জনাব মো: সাইফুল ইসলাম, সিস্টেম এনালিস্ট, ধর্ম বিষয়ক মন্ত্রণালয় বলেন যে, ই-হজ সিস্টেমে বিদ্যমান অবস্থায় MRP পাসপোর্ট এর তথ্যাদি স্বয়ংক্রিয়ভাবে যাচাইয়ে আন্ত:সংযোগ স্থাপিত আছে। কিন্তু 'ই-পাসপোর্ট' এর তথ্যাদি যাচাইয়ে আন্ত:সংযোগ স্থাপিত হয়নি। আন্তঃসংযোগ করতে ১/২ মাস সময় লাগতে পারে। তাই এখন হতে কাজ শুরু না করলে সময়মত সিস্টেমে তথ্য পাওয়া যাবে না।<br><br>(খ) মেজর মো: এনামুল হক চৌধুরী, প্রতিনিধি, NTMC বলেন যে, 'ই-পাসপোর্ট' এর তথ্যাদি স্বয়ংক্রিয়ভাবে যাচাইয়ের নিমিত্ত Api এর আন্ত:সংযোগ স্থাপন একান্তই প্রয়োজন।<br><br>(গ) পাসপোর্ট যাচাইয়ের লক্ষ্যে ইতোপূর্বে দৈনিক নির্ধারিত সিলিং দিনে ৫ হাজার ও রাতে ১০ হাজার বিদ্যমান আছে; যা বৃদ্ধি করে দিনে ১০ হাজার ও রাতে ২০ হাজার করা প্রয়োজন। সে লক্ষ্যে সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়কে উদ্যোগী হতে হবে।<br><br>(ঘ) সভায় উপস্থিত সিনিয়র সহভাপতি, হাব বলেন যে, সম্মানিত হজযাত্রীগণের পাসপোর্ট সহজে পাওয়ার সুবিধার্থে প্রয়োজনীয় সংখ্যক বিশেষ বুথ খোলার পদক্ষেপ গ্রহণ করা প্রয়োজন।<br><br>(ঙ) জনাব মো: নজরুল ইসলাম ভূইয়া, সিস্টেম এনালিস্ট, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর বলেন, নিবন্ধিত হজযাত্রীগেণের মধ্যে যাদের পাসপোর্টের মেয়াদ ইতোমধ্যে শেষ হয়ে গেছে অথবা মেয়াদ হজপরবর্তী নির্ধারিত ৬ মাস সময় বিদ্যমান থাকবে না তাদের পাসপোর্টের মেয়াদ বৃদ্ধির প্রয়োজন রয়েছে বিধায় ঐ সকল হজযাত্রীকে নতুন পাসপোর্ট সংগ্রহের বিষয়ে পরামর্শ প্রদান প্রয়োজন। | (১) 'ই-পাসপোর্ট' এর তথ্যাদি স্বয়ংক্রিয়ভাবে যাচাইয়ের নিমিত্ত Api এর আন্ত:সংযোগ স্থাপনে সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করবে।<br><br>(২) ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর, ন্যাশনাল টেলিকমিউনিকেশন মনিটরিং সেন্টার প্রয়োজনীয় কারিগরি কাজ সম্পাদন করবে।<br><br>(৩) পাসপোর্ট ভেরিফিকেশনের নিমিত্ত বিদ্যমান সিলিং দিনে ১০ হাজার এবং রাতে ২০ হাজার নির্ধারণে ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর, প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবে।<br><br>(৪) যে সকল হজযাত্রীর নতুন পাসপোর্ট প্রয়োজন হবে সে সকল হজযাত্রীকে নতুন পাসপোর্ট প্রদানের জন্য বিশেষ বুথ স্থাপন করতে হবে। | (১) সুরক্ষাসেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়,<br>(২) ধর্ম বিষয়ক মন্ত্রণালয়,<br>(৩) ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর,<br>(৪) ন্যাশনাল টেলিকমিউনিকেশন মনিটরিং সেন্টার,<br>(৫) বিজনেস অটোমেশন লিমিটেড। |
| ৬। | Route to Makka Initiative | Route to Makka Initiative এর মাধ্যমে ২০১৯ সালে ৪৫% হজযাত্রীর Pre-arrival immigration হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকায় সম্পন্ন হয়। এ বিষয়ে জনাব মো: ইকবাল হোসেন খান, মহাপরিচালক (পশ্চিম এশিয়া), পররাষ্ট্র মন্ত্রণালয় বলেন যে, ২০২২ সালের হজে ১০০% হজযাত্রীদের Pre-arrival immigration ঢাকায় সম্পন্ন করার বিষয়ে সৌদি সরকারের সাথে যোগাযোগ অব্যাহত আছে। | ২০২২ সালের হজে ১০০% হজযাত্রীদের Pre-arrival immigration ঢাকায় সম্পন্ন করার বিষয়ে সৌদি সরকারের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | (১) পররাষ্ট্র মন্ত্রণালয়,<br>(২) কাউন্সেলর (হজ), বাংলাদেশ হজ অফিস, জেদ্দা, সৌদি আরব। |
| ৭। | বাংলাদেশ হতে ওমরাহ পালনের নিমিত্ত সৌদি আরবে গমনকারী ব্যক্তিগণকে বুস্টার ডোজ প্রদান | (ক) জনাব উম্মে সালমা তানজিয়া, যুগ্মসচিব, স্বাস্থ্যসেবা বিভাগ জানান যে, 'Sinopharm' ও 'Sinovac' গ্রহণকারী বাংলাদেশের নাগরিকগণ বুস্টার ডোজ ব্যতিরেকে ওমরাহ ও হজ পালনে সৌদি আরবে গমনের অনুমতি প্রদানের বিষয়ে রাজকীয় সৌদি সরকারের সাথে পত্র যোগাযোগ অব্যাহত আছে। | (ক) 'Sinopharm' ও 'Sinovac' গ্রহণকারী বাংলাদেশের নাগরিকগণ বুস্টার ডোজ ব্যতিরেকে ওমরাহ ও হজ পালনে সৌদি আরবে গমনের | (১) পররাষ্ট্র মন্ত্রণালয়<br>(২) স্বাস্থ্যসেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়<br>(৩) কাউন্সেলর (হজ), বাংলাদেশ |

| নং | শিরোনাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| | | (খ) জনাব ইকবাল হোসেন খান, মহাপরিচালক (পশ্চিম এশিয়া), পররাষ্ট্র মন্ত্রণালয় সভাকে জানান যে, রাজকীয় সৌদি সরকার ইতোমধ্যে এই টিকা গ্রহণকারীদের ওমরাহ পালনে অনুমতি প্রদান করে পত্র প্রেরণ করেছে। তাঁরা শীঘ্রই পত্রটি ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ে প্রেরণ করবেন।<br>(গ) তিনি আরো বলেন যে, বন্ধুত্বের প্রতীক হিসেবে রাজকীয় সৌদি সরকার গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারকে অ্যাস্ট্রাজেনেকার টিকার ১.৫ মিলিয়ন ডোজ উপহার হিসেবে প্রেরণ করেছে। মাননীয় প্রতিমন্ত্রী, ধর্ম বিষয়ক মন্ত্রণালয় এ উপহারের জন্য সৌদি সরকারকে অভিনন্দন জ্ঞাপন করেন। | অনুমতি প্রদানের বিষয়ে পত্র যোগাযোগ অব্যাহত রাখা।<br>(খ) বাংলাদেশকে অ্যাস্ট্রাজেনেকার টিকার ১.৫ মিলিয়ন ডোজ উপহার প্রদানের প্রেক্ষিতে সৌদি সরকারকে ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের পক্ষ হতে অভিনন্দন জানানো হয়। | হজ অফিস, জেদ্দা, সৌদি আরব। |
| ৮। | টিকা ক্রয় | সভায় উপস্থিত স্বাস্থ্যসেবা বিভাগের যুগ্মসচিব জনাব উম্মে সালমা তানজিয়া জানান যে, ২০২২ সালের হজ মৌসুমের জন্য টিকা (ইনফ্লুয়েঞ্জা ও মেনিনজাইটিস) ক্রয়ের বিষয়ে স্বাস্থ্য অধিদপ্তর হতে টিকা ক্রয়ের জন্য পত্র পাওয়া গিয়েছে। কিন্তু হজযাত্রীর সংখ্যা নির্ধারণ না হওয়ার কারণে টিকা ক্রয়ের কার্যক্রম গ্রহণ করা যাচ্ছে না। এ বিষয়ে কার্যক্রম এগিয়ে রাখার জন্য অতিরিক্ত সচিব (হজ) প্রস্তাব করেন। | ২০২২ সালের হজ মৌসুমের জন্য টিকা (ইনফ্লুয়েঞ্জা ও মেনিনজাইটিস) ক্রয়ের বিষয়ে কার্যক্রম এগিয়ে রাখতে হবে। | (১) স্বাস্থ্যসেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়,<br>(২) স্বাস্থ্য অধিদপ্তর |
| ৯। | ইলেক্ট্রনিক হেল্থ প্রোফাইল | (১) আইটি প্রতিষ্ঠান বিজনেস অটোমেশন লি: এর প্রতিনিধি জানান যে, ইলেক্ট্রনিক হেল্থ প্রোফাইল সিস্টেমে অন্যান্য টিকার সাথে কোভিড-১৯ টিকা সংক্রান্ত তথ্যাদি স্বয়ংক্রিয়ভাবে ইনপুট হওয়ার নিমিত্ত "সুরক্ষা" এ্যাপসের সাথে আন্ত:সংযোগ হওয়া প্রয়োজন।<br>(২) সভায় উপস্থিত পরিচালক, হজ অফিস, আশকোনা, ঢাকা বলেন যে, নিবন্ধিত হজযাত্রীদের কোভিড-১৯ এর টিকা গ্রহণের তথ্য "সুরক্ষা" এ্যাপসের সাথে হজ সিস্টেমে আন্ত:সংযোগ অত্যন্ত প্রয়োজন।<br>(৩) ডা: মোস্তফা মাহমুদ, ডিপিএম, রোগনিয়ন্ত্রণ শাখা, স্বাস্থ্য অধিদপ্তর জানান যে, পবিত্র ওমরাহ ও হজব্রত পালনের নিমিত্ত সৌদি আরবে গমনের ক্ষেত্রে ন্যূনতম ১৫ দিন পূর্বে কোভিড-১৯ এর দ্বিতীয় টিকা গ্রহণ করতে হবে।<br>(৪) সৌদি আরব গমনের ৭২ ঘন্টা পূর্বে হজযাত্রীদের পিসিআর টেস্ট সম্পন্ন করতে হবে। বর্তমানে দেশের ১৮ জেলায় পিসিআর টেস্ট সম্পন্ন হয়।<br>(৫) হাব এর সভাপতি কোভিড টিকা গ্রহণের তথ্য আন্ত:সংযোগের প্রয়োজন নেই মর্মে উল্লেখ করেন। হাব এর সিনিয়র সহসভাপতি বলেন এ কারণে যেন হজযাত্রীর ব্যয় বৃদ্ধি না পায়। | (১) ইলেক্ট্রনিক হেল্থ প্রোফাইল সিস্টেমে হজযাত্রীর কোভিড-১৯ টিকা সংক্রান্ত তথ্যাদি আন্ত:সংযোগ স্থাপনের বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম সম্পন্নকরণ।<br>(২) কোভিড-১৯ এর টিকা গ্রহণের তথ্যাদি আন্ত:সংযোগ স্থাপনের ক্ষেত্রে হজযাত্রীর নিকট হতে কোন ফি নেয়া যাবে না।<br>(৩) সম্মানিত হজযাত্রীদের PCR টেস্ট সম্পন্নের সুবিধার্থে সুবিধাজনক স্থানে বিশেষ PCR সেন্টার স্থাপন করতে হবে। | (১) স্বাস্থ্যসেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়,<br>(২) স্বাস্থ্য অধিদপ্তর,<br>(৩) প্রকল্প পরিচালক, A2i, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা,<br>(৪) বিজনেস অটোমেশন লিমিটেড। |
| ১০। | প্রচার-প্রচারণা | ২০২২ সালের হজ কার্যক্রম সুষ্ঠ ও সুন্দরভাবে পরিচালনার লক্ষ্যে ইলেক্ট্রোনিক মিডিয়া ও প্রিন্ট মিডিয়ায় ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন। | ২০২২ সালের হজ কার্যক্রম সুষ্ঠ ও সুন্দরভাবে পরিচালনার লক্ষ্যে ইলেক্ট্রোনিক মিডিয়া ও প্রিন্ট মিডিয়ায় ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণ। | (১) ধর্ম বিষয়ক মন্ত্রণালয়,<br>(২) তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়। |

| নং | শিরোনাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ১১। | হজ এজেন্সি নবায়ন ও তালিকা প্রকাশ | যে সব হজ এজেন্সির নবায়নের মেয়াদ ৩১.১২.২০২১ তারিখ শেষ হয়ে যাবে সে সব এজেন্সির নবায়ন হজ ও ওমরাহ ব্যবস্থাপনা আইন, ২০২১ অনুযায়ী নবায়ন করতে হবে। নবায়নকৃত এজেন্সিসমূহসহ হজ কার্যক্রমে যোগ্য এজেন্সিসমূহের তালিকা যথাসময়ে প্রকাশ করা প্রয়োজন। | নবায়ন কার্যক্রমসহ হজ কার্যক্রমে অংশগ্রহণকারী যোগ্য এজেন্সির তালিকা যথাসময়ে প্রকাশ করতে হবে। | (১) ধর্ম বিষয়ক মন্ত্রণালয়,<br>(২) হজ এজেন্সীজ এসোসিয়েশন অব বাংলাদেশ (হাব),<br>(৩) সংশ্লিষ্ট হজ এজেন্সিসমূহ। |
| ১২। | হজ অফিস, ঢাকা সংক্রান্ত | স্কোয়াড্রন লীডার আশরাফুল আশেকীন, সিভিল এভিয়েশন (নিরাপত্তা), বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ (বেবিচক) বলেন যে, বর্তমানে হজ অফিস, আশকোনা, ঢাকা কোয়ান্টোইন সেন্টার হিসেবে ব্যবহৃত হচ্ছে। হজ কার্যক্রম চালু হলে হজের কাজের জন্য পুরো অফিস আঙ্গিনাটি ব্যবহারের প্রয়োজন হবে। এ বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা প্রয়োজন। | হজ অফিসের বর্তমান অবস্থা ও হজ কার্যক্রম চালু হলে পরবর্তী অবস্থাসহ বিস্তারিত বিষয় উল্লেখ করে পরিচালক, হজ অফিস, ঢাকা ধর্ম বিষয়ক মন্ত্রণালয়কে পত্র মাধ্যম অবহিত করবে। | (১) হজ অফিস, ঢাকা,<br>(২) প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন,<br>(৩) নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, মহাখালী, ঢাকা। |
| ১৩। | বিবিধ | নিবন্ধন, পিআইডি, প্রশিক্ষণ, টিকা ক্রয় ও প্রদান, ফ্লাইট, ভিসা লজমেন্ট, ইলেক্ট্রনিক হেলথ প্রোফাইল, হজযাত্রীদের আবাসন, পরিবহণ ব্যবস্থাপনা; রিপ্লেসমেন্ট, হজযাত্রী ট্র্যান্সফার ইত্যাদি সকল কার্যক্রম দ্বি-পাক্ষিক হজচুক্তি বা সৌদি সরকারের ইতিবাচক সিদ্ধান্তের পর গ্রহণ করা হবে। | দ্বি-পাক্ষিক হজচুক্তি সম্পাদনের পর প্রয়োজনীয় সকল কার্যক্রম সম্পাদনের লক্ষ্যে পূর্ব প্রস্তুতি সপম্পন্নকরণ। | (১) ধর্ম বিষয়ক মন্ত্রণালয়,<br>(২) স্বাস্থ্যসেবা বিভাগ,<br>(৩) বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়,<br>(৪) ইসলামিক ফাউন্ডেশন,<br>(৫) হজ অফিস, ঢাকা,<br>(৬) বাংলাদেশ হজ অফিস, জেদ্দা, সৌদি আরব,<br>(৭) হাব,<br>(৮) সংশ্লিষ্ট সকল হজ এজেন্সি। |

৬। সভায় বিভিন্ন বিষয়ে অংশগ্রহণমূলক ও গঠনমূলক আলোচনায় অংশগ্রহণের জন্য মাননীয় প্রতিমন্ত্রী জনাব মো: ফরিদুল হক খান এমপি উপস্থিত সকলকে ধন্যবাদ জানান এবং হজ অনুষ্ঠানে আগামী দিনে একত্রে কাজ করার আশাবাদ ব্যক্ত করেন।

৭। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সকলের সুস্বাস্থ্য কামনা করে এবং আগামীতে সংশ্লিষ্ট সকলের যথাযথ অংশগ্রহণে হজের সকল কার্যক্রম সফলভাবে সম্পন্ন হবে মর্মে আশাবাদ ব্যক্ত করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
২৩.১১.২০২১
কাজী এনামুল হাসান এনডিসি
সচিব
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়

নং-১৬.০০.০০০০.০০৩.৪০.০০১.২১.৩২৬

তারিখ : ০৮ অগ্রহায়ন ১৪২৮
২৩ নভেম্বর ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা/প্রধানমন্ত্রীর মুখ্যসচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
২. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩. পররাষ্ট্র সচিব (সিনিয়র সচিব), পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা
৪. সিনিয়র সচিব, স্বাস্থ্যসেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫. সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৬. সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৭. সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৮. সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৯. সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, ডাক, টেলিযোগাযোগ ও প্রযুক্তি মন্ত্রণালয়, আগারগাঁও, ঢাকা
১০. মান্যবর রাষ্ট্রদূত, বাংলাদেশ দূতাবাস, রিয়াদ, সৌদি আরব
১১. মান্যবর রাষ্ট্রদূত, রাজকীয় সৌদি দূতাবাস, গুলশান, ঢাকা
১২. অতিরিক্ত সচিব (সকল), ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১৩. ব্যবস্থাপনা পরিচালক, সোনালী ব্যাংক লি:, প্রধান কার্যালয়, মতিঝিল, ঢাকা
১৪. চেয়ারম্যান, বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ (CAAB), কুর্মিটোলা, ঢাকা
১৫. মহাপরিচালক, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর শেরে বাংলানগর, আগারগাঁও, ঢাকা
১৬. ব্যবস্থাপনা পরিচালক, বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লি, কুর্মিটোলা, ঢাকা
১৭. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
১৮. মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, আগারগাঁও, ঢাকা
১৯. ওয়াক্ফ প্রশাসক, ওয়াক্ফ প্রশাসকের কার্যালয়, নিউ ইস্কাটন রোড, ঢাকা
২০. প্রকল্প পরিচালক, A2i, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা
২১. প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, গুলশান, ঢাকা
২২. যুগ্মসচিব (সকল), ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২৩. পরিচালক, হজ অফিস, আশকোনা, ঢাকা
২৪. নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, মহাখালী, ঢাকা
২৫. পরিচালক, ন্যাশনাল টেলিকমিউনিকেশন মনিটরিং সেন্টার, তেজগাঁও, ঢাকা
২৬. কাউন্সেলর (হজ), বাংলাদেশ হজ অফিস, জেদ্দা, সৌদি আরব
২৭. উপসচিব (সকল), ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২৮. প্রতিমন্ত্রীর একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)
২৯. সিনিয়র তথ্য কর্মকর্তা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩০. সচিবের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
৩১. সিস্টেমস এনালিস্ট (আইসিটি শাখা), ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩২. সিনিয়র সহকারী সচিব (হজ-২), ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩৩. প্রোগ্রামার, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩৪. পরিচালক, দ্বীনি দাওয়াত ও সংস্কৃতি বিভাগ, ইসলামিক ফাউন্ডেশন, বায়তুল মোকাররম, ঢাকা
৩৫. পরিচালক, বিভাগীয় কার্যালয় (সকল), ইসলামিক ফাউন্ডেশন, ...................... বিভাগ
৩৬. মহাব্যবস্থাপক, স্থানীয় কার্যালয় শাখা, সোনালী ব্যাংক লি., মতিঝিল, ঢাকা
৩৭. সভাপতি/মহাসচিব, হজ এজেন্সিস এসোসিয়েশন অব বাংলাদেশ (হাব), ৩০/এ, নয়াপল্টন, ঢাকা
৩৮. ব্যবস্থাপনা পরিচালক, বিজনেস অটোমেশন লিমিটেড, ১২ কারওয়ান বাজার, ঢাকা
৩৯. অফিস কপি।

২৩.১১.২০২১

আবুল কাশেম মুহাম্মদ শাহীন
উপসচিব (হজ-১)
ফোন: ৯৫৪৬৫৯০
e-mail:morahajsection@gmail.com